



তথ্যবিবরণী

নম্বর-১৬৫

তারুণ্যের উৎসব উদযাপনে শুরু হলো ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা

রাজশাহী; ২৯ পৌষ (১৩ জানুয়ারি):

আজ সোমবার (১৩ জানুয়ারি) সকালে রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে দুই দিনব্যাপী ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা শুরু হয়েছে। প্রধান অতিথি হিসেবে বেলুন ও ফেস্টুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকার।

প্রধান অতিথির বক্তৃতায় রেজাউল আলম বলেন, খেলাধুলা ও লেখাপড়া দুইটি একে অপরের পরিপূরক। লেখাপড়ার মাধ্যমে আমরা জ্ঞান অর্জন করি এবং খেলাধুলার মাধ্যমে সুস্থ্য থাকি। জাতীয় পর্যায়ে যারা খেলে তারা অর্থ ও সম্মান সবই অর্জন করে। তাই খেলাধুলাকে আমরা একটি শিক্ষার সেশন হিসেবে নিতে পারি।

তিনি অংশগ্রহণকারী প্রতিযোগীদের উদ্দেশে বলেন, প্রত্যেক জায়গায় আমরা কোনো না কোনোভাবে নেতৃত্ব দেই। সেই নেতৃত্ব এবং তারুণ্যকে কাজে লাগিয়ে আমরা নিজেদেরকে ভালো মানুষ হিসেবে গড়ে তুলে দেশ এবং সমাজের কাজে লাগাবো।

তিনি আরও বলেন, খেলায় সবাই প্রথম হবে না, জয়-পরাজয় থাকবেই। পরাজয়ে হতাশ না হয়ে পুনরায় চেষ্টা করতে হবে।

অতিরিক্ত জেলা প্রশাসক মো. মহিনুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম গোলাম মাহবুব, শারীরিক শিক্ষা কলেজের উপাধ্যক্ষ মো. মাহাবুবুর রহমান, অবসরপ্রাপ্ত ক্রীড়া অফিসার আক্তারুজ্জামান রেজা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রাজশাহী জেলা ক্রীড়া অফিসার গোঁতম কুমার সরকার।

উল্লেখ্য যে, প্রতিযোগিতায় রাজশাহী জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভলিবলে ৮টি দল ও ব্যাডমিন্টনে ১৬টি দল প্রতিযোগিতা করবে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৩:০০ ঘ.